



# সরকারি ইন্দুরকানী কলেজ

GOVT. INDURKANI COLLEGE

ডাকঘর : ইন্দুরকানী, উপজেলা : ইন্দুরকানী, জেলা : পিরোজপুর।

স্থাপিত : ১৯৯৩ খ্রিষ্টাব্দ ; সরকারিকরণ : ২০১৮ খ্রিষ্টাব্দ।



## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি কার্যক্রমের বিজ্ঞপ্তি

তারিখ : ১৮/০৫/২০২৩ খ্রিস্টাব্দ।

সরকারি ইন্দুরকানী কলেজের সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পাদন করা হবে :

ক্রমিক	বিবরণ	তারিখ
০১	১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট / পিডিএফ কপি সংগ্রহের তারিখ:	১৮/০৫/২০২৩ হতে ২৯/০৫/২০২৩ পর্যন্ত (ছুটির দিন ব্যতীত)
০২	শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত অনলাইনের চূড়ান্ত ভর্তি ফরম ও টাকা জমার রশিদ (কলেজ কপি) কলেজে জমা দেয়ার তারিখ :	২১/০৫/২০২৩ হতে ২৯/০৫/২০২৩ পর্যন্ত (ছুটির দিন ব্যতীত)

### ভর্তির আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করে জমা দিতে হবে-

- ১। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক অনলাইনে প্রদত্ত চূড়ান্ত ভর্তির আবেদন। (কলেজ কপি ও শিক্ষার্থীর কপি-শিক্ষার্থীর কপি স্বাক্ষরের পর ফেরত নিতে হবে)
- ২। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা পাসের একাডেমিক ট্রান্সক্রিপ্ট-মূল কপি।
- ৩। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা পাসের একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি-২টি করে।
- ৪। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি-২টি করে।
- ৫। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষা পাসের প্রশংসাপত্রের ফটোকপি-২টি করে। (মূল কপি প্রদর্শন করতে হবে।)
- ৬। শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি-১টি।
- ৭। শিক্ষার্থীর অন-লাইন জন্ম নিবন্ধন সনদের ফটোকপি-১টি।
- ৮। শিক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন ছবি। (১ কপি ছবি আইকা গাম দিয়ে আবেদনপত্রের নির্ধারিত স্থানে লাগাতে হবে)।
- ৯। ভর্তি ফি বাবদ অনলাইনে ব্যাংকে টাকা জমা দানের রশিদের কলেজ কপি এবং সেমিনার ফি জমা দানের রশিদের কলেজ কপি।

### সতর্কীকরণ :

- (১) কলেজের ভর্তি ফি “সোনালী ই-সেবা” মোবাইল অ্যাপ ব্যবহার করে (বিকাশ/নগদ/উপায়/রকেট/ব্যাংক হিসাব/ক্রেডিট কার্ড/ভিসা কার্ড ইত্যাদি থেকে) সোনালী ব্যাংক গেটওয়ের মাধ্যমে এবং সেমিনার ফি রূপালী ব্যাংক, ইন্দুরকানী শাখার মাধ্যমে জমা নেয়া হয় বিধায় ভর্তির জন্য অন্য কারো সাথে লেনদেন করার প্রয়োজন নাই। শিক্ষার্থী এবং অভিভাবকদের অন্য কারো সাথে টাকা-পয়সা লেনদেন না করার জন্য সতর্ক করা হলো। টাকা জমাদানের রশিদ কলেজের অফিসে পাওয়া যাবে।
- (২) দ্বৈত ভর্তি থাকলে পূর্ববর্তী ভর্তি বাতিল করে কাগজপত্র জমা দিতে হবে।
- (৩) ভুল-ত্রুটি এড়াতে ভর্তি সংক্রান্ত সকল কাজ শিক্ষার্থীকে নিজ হাতে সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া হলো।
- (৪) অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়।
- (৫) এসএসসি ও এইচএসসি/সমমান পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমাদানের পূর্বে একাধিক ফটোকপি নিজের কাছে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া হলো। মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট কোন অবস্থাতেই ফেরত দেয়া হবে না। তবে ভর্তি বাতিল করে ফেরত নেয়া যাবে।
- (৬) সকল ক্ষেত্রে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে বলা হলো।
- (৭) কলেজের যে কোন বিষয় জানতে এবং সকল ধরনের নোটিশ পেতে প্রতিদিন কলেজের অফিসিয়াল ওয়েবসাইট ও ফেসবুক নিয়মিত ভিজিট করুন।

ভর্তির জন্য নির্ধারিত ফি : ৫,৫৫১.০০ (পাঁচ হাজার পাঁচশত একান্ন) টাকা মাত্র।

কলেজের ওয়েবসাইট ঠিকানা : [www.gic.ac.bd](http://www.gic.ac.bd)

College Face book ID : সরকারি ইন্দুরকানী কলেজ

সজিত কুমার সাহা

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সরকারি ইন্দুরকানী কলেজ

ইন্দুরকানী, পিরোজপুর।